আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.৩০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ** কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০.০৯.২০২৩ খ্রি. তারিখে সারাদেশব্যাপী পিপিআর নির্মূল কর্মসূচীর আওতায় টিকাদান কার্যক্রম শুরু হবে এবং ঐ তারিখে মাননীয় মন্ত্রী মস্য ও প্রাণীয়সম্পদ মন্ত্রনালয় জনাব শ ম রেজাউল করিম এ কর্মসূচীর উদ্বোধন করবেন। এই কার্যক্রম ০৯.১০.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। এই কার্যক্রমের ব্যাপক প্রচারণার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। | ০১. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা<br>০২. চেয়ারম্যান সকল)<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, ডেঙ্গু প্রতিরোধে উপজেলা পরিষদের কার্যক্রমগুলো চলু রাখার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, হসাপাতাল/ ডায়গনস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। মাঠ পর্যায়ে স্বাস্থ্য কার্যক্রমসহ প্রচার, প্রচারণার কার্যক্রম অব্যাহত থাকবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ডেঙ্গু প্রতিরোধে নিয়মনিত সভা ও সচেতনা মূলক প্রচারণা এবং বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে সেবার মান আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্র ছিল ৯৮৭০ হে.। এ বছর আবাদ হয়েছে ১০৩০ হে.। ডাল জাতীয় ফসলের আবাদ বাড়ানোর লক্ষ্যে ৩০ জন কৃষকের মাঝে মাসকালাই প্রণোদনা বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দূর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন ভাকাটামো সংস্কার (কাবিটা) নগদ খাদ্য শস্য এর প্রকল্প তালিকাটি জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন পাওয়া গেছে। দ্রুত অগ্রীম কিস্তি নিয়ে কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। | প্রকল্পের কাজ দ্রুত করার জন্য সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>ইজিপিপি এর প্রকল্প ইউনিয়ন থেকে তালিকা গুলো দ্রুত পাঠানোর সিদ্ধান্ত গৃহীতক হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>আটপাড়া,নেত্রকোণা।<br>২. ইউপি চেয়ারম্যান (সকল)<br>আটপাড়া, নেত্রোকণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি বলেন যে, ৩০.০৯.২০২৩ খ্রি.তারিখের মধ্যে কাজ সম্পন্ন কার নির্দেশনা রয়েছে। তিনি আরো জনান যে, গ্রামীন অবকাটামো রক্ষনাবেক্ষণ (টিআর) নগদ এর প্রকল্প অনুমোদন হয়ে। দ্রুত কাজ শুরু করার জন্য নির্দেশনা রয়েছে। ইজিপিপি এর প্রকল্প ইউনিয়ন থেকে তালিকা গুলো দ্রুত পাঠানোর জন্য চেয়ারম্যান দের অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, এ উপজেলায় ১০৩ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তি প্রাপ্তির জন্য প্রায় ১১০০০ (এগার হাজার) শিক্ষার্থীর ডাটা যাচাই করে অনুমোদন করা হয়েছে। আরও প্রায় ৩০০০ (তিন হাজার) শিক্ষার্থীর ডাটা নতুন করে এন্ট্রি করে যাচাই-বাছাই করে অনুমোদন করতে হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে অতিরিক্ত ভাতা প্রদানের লক্ষ্যে অনলাইন আবেদন গ্রহণ শেষ হয়েছে। বয়স্ক ভাতা ১৭৪১টি, বিধবা ভাতা ১৮৫১ টি এবং প্রতিবন্ধী ভাতা ২৬২ টিসহ মোট ৩৮২৪ টি। ২০২৩-২৪ অর্থ বছলের ১ম কিস্তির ভাতার টাকা পরিশোধের নিমিত্ত ৩০ সেপ্টেম্বর/২০২৩ এর মধ্যে পে-রোল প্রদানের নির্দেশনা রয়েছে। তিনি আরো বলে যে, বর্তমানে সমাজসেবা কার্যালয়ে জনবলের সংকট রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জনান যে, এডিপির প্রথম কিস্ত ২৬৬২০০০ টাকা পাওয়া গিয়েছে এবং দ্রুত প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি উপজেলা পরিষদের আবাসিক কোয়ার্টার গুলোতে পানির মিটার স্থাপনের ব্যবস্থা গ্রণের জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ হলরুম এবং উপজেলা পরিষদের অভন্তরিন বিএডিসির দুটি পরিত্যক্ত গুডাউন অপসারন প্রয়োজন। উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ হলরুম এবং বিএডিসির দুটি পরিত্যক্ত গুডাউন এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপন এবং নিলামের মাধ্যমে অপসারনে জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সদয় অনুমোদন প্রদান ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা যেতে পারে। | ০১. উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ হলরুম এবং বিএডিসির দুটি পরিত্যক্ত গুডাউন এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক জেলা কনডেমনেশন কমিটিতে উপস্থাপন এবং নিলামের মাধ্যমে অপসারনে জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের সদয় অনুমোদনের প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>০২. এডিপির কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্রুত প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ০১. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, আশ্রয়ন-২ প্রকল্পে আওতায় ০৩ টি আশ্রয়ন প্রকল্প থেকে এ মাসে ঋণ ১৫৮৪০/- টাদা আদায় করা হয়েছে। অডিট ফি বাবদ ১১৩০/- এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৩৩৯/- আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক। বায়োগ্যাস প্লান্টের জন্য দরখাস্থ আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীরা জাতীয় পরিচয় পত্র এবং এক কপি ছবি নিয়ে যোগাযোগ করার জন্য বলা হয়। জেলা পর্যায়ে মৎস্য চাষ প্রশিক্ষণের আগ্রহী প্রার্থীদের জন্য জেলা কার্যালয়ে দরখাস্ত আহবান | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | করা হচ্ছে। তিনি আরো জানান যে, ফ্রি ল্যান্সিং এর জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জনানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এ মাসে ১০.০০ টাকা ঋণ বিতরন করা হয়েছে এবং ৯.৮০ টাকা ঋণ আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা। |
| ১২ | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৩০.০৮.২০২৩ খ্রি. তারিখে দুইটি বাজারে উপজেলা নির্বাহী খঅফিসারকে নিয়ে মোবাইল কোর্ট করা হয়। বুজের বাজারে এক দোকানে ২৪০০ মিটার জাল পাওয়া যায়। সমস্ত জাল উপজেলার সমনে পুড়িয়ে বিনিষ্ঠ করা হয়। দোকানদারকে ১০০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ০৫ অক্টোবর ২০২৩ তারিখে বিশ্ব শিক্ষক দিবস পালিত হবে। অত্র উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসায় নিজস্ব উদ্যোগে শিক্ষার মানোন্নয়নে ০৫ অক্টোবর বিশ্ব শিক্ষা দিবস পালিত হবে। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনে সহযোগিতা করার জন্য তিনি সকলের আন্তরিক অংশগ্রহণ কমনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র ৬ মাসের বরাদ্দ পাওয়া গিয়েছে। ডিও/ছাড়পত্র জুলাই, আগস্ট, সেপ্টেম্বর মাসের প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম চলমান প্রতিমাসের ০১ তারিখ হতে ২০ তারিখের মধ্যে আবেদন করতে পারবে এবং ২১ তারিখ হতে ২৪ তারিখের মধ্যে সুপারিশ করে উপজেলা আইডি প্রেরণ করতে হবে সকল ইউপি চেয়ারম্যান মহোদয়দের বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি জানান যে, আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বর্তমানে স্থগিত করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়রম্যান ইউপি (সকল)। |
| ১৪. | **উপজেলা খাদ্য বিভাগ:** কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরের উপজেলা WATSON কমিটির সভা হওয়ার পরেও স্থান তালিকা পাওয়া যায়নি। দ্রুত স্থান | স্থান তালিকা দ্রুত দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>যেগুলোর কাজ চলমান সেগুলোর কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে | চেয়ারম্যান সকল<br>আটপাড়া নেত্রকোণা।<br>ও<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তালিকা প্রয়োজন অন্যতায় কাজ বাস্তবায়নে জটিলতা তৈরী হবে। উক্ত প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দ ইতোমধ্যে পাওয়া গেছে। WATSON কমিটির সভা করে দ্রুত স্থান তালিকা প্রয়োজান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হবে। | আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬ | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া:** কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৭ | **তথ্যসেবা বিভাগ,(তথ্যআপা), আটপাড়া:** তথ্যআপা কর্মকর্তা সবায় জানান যে, ডোর টু ডোর কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। তথ্য কেন্দ্রে চাকরির আবেদন, প্রেসার পরিমাপ, ডায়বেটিকস পরীক্ষা, ওজন ও উচ্চতা পরিমাপ করা হচ্ছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

০৩ (১) চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৫) চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৬) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৩ (৭) চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন।

০৬। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| ক্র:নং: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী** সকল দপ্তর/সংস্থা কর্তৃক সরকারের বাস্তবায়িত উন্নয়ন কর্মকান্ড নিয়ে গত ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.তারিখে উপজেলা পর্যায়ে স্থানীয় সরকার দিবস ও উন্নয়ন মেলা হয়। জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলার স্টল সজ্জিত করণের জন্য মন্ত্রণালয় কর্তৃক ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা উপজেলা পর্যায়ে উপজেলা রাজস্ব | স্থানীয় সরকার দিবস ২০২৩ উদযাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০.০০ (পচিশ হাজার) টাকা ব্যয়ের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, অত্র আটপাড়া উপজেলাধীন সকল পূজামন্ডপে সার্বিক নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এ জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। | সকল পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩ | আটপাড়া উপজেলা পরিষদের হাঁসকুড়ি ও শাপলা পুরাতন ভবন অপসারণ নিলাম বিজ্ঞপ্তি আজের পত্রিকা, বাড়ি-৮, রোড-২, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা এর বিল ২৪,৮৪০/- (ছব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | আটপাড়া উপজেলা পরিষদের হাঁসকুড়ি ও শাপলা পুরাতন ভবন অপসারণ নিলাম বিজ্ঞপ্তি আজের পত্রিকা, বাড়ি-৮, রোড-২, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা এর বিল ২৪,৮৪০/- (ছব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। । | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা পরিষদ কার্যালয়ের ১০০০ টি ফাইল ক্রয় ব্যয় ২০,০০০/- এবং ২০০ টি বোর্ড ক্রয় ব্যয় ৪০০০/- মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা রাজস্ব হতবিল হতে পরিশোধ করা প্রয়োজন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) এবং ২০০ টি বোর্ড ক্রয় ব্যয় ৪০০০/- (চার হাজার) মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা পরিশোধ করার সর্বসম্মত | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | ভাবে অনুমোদিত হয়। | |
| | অত্র আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মেহেদী হাসান, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ তার উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ অনুযায়ী প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব নম্বর ৩৫০১৪০১০২১২৫৮ খোলা ও এ যাবৎ উপজেলা পরিষদের নিকট বকেয়া পাওনাসহ জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর /২০২৩ পর্যন্ত মূলবেতনের ১০% হারে ১৫ মাসে মোট ৩১,৫৩০/- টাকা বকেয়া পাওনা পরিশোধের করেছেন। এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে গত ২৪ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ তারিখের ৭৩৬ নং স্মারকপত্র মাধ্যমে নির্দেশনা প্রদান করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধি, ২০১০ এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রের নির্দেশনায় প্রদেয় ভবিষ্য তহবিল হিসাব খোলে এবং জুলাই/২০২২ খ্রিঃ তারিখ হতে সেপ্টেম্বর /২০২৩ পর্যন্ত পাওনা টাকা পরিশোধ করায় বিধি মালা অনুযায়ি তাকে রাজস্ব তহবিলে মূল বেতনের ১০% টাকা অর্থ্যাৎ জমাকৃত ৩১,৫৩০/- টাকার জন্য রাজস্ব তহবিল হতে ৩১,৫৩০/- টাকা ভবিষ্য তহবিল হিসাব নম্বর ৩৫০১৪০১০২১২৫৮ এ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা ও উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

০৭। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য ক্ষেত্রে গুরুত্ব আরোপের জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানান।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৭৬৫

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩০ বাংলা / ২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ........................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ..........................................................................................................

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১

CamScanner